গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়

বান্দরবান পার্বত্য জেলা

cjmbandarban@gmail.com

## নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ-০১/০১/২০২৫ খ্রিঃ

স্মারক নং-সিজেএম/বান্দ/প্রশাঃ/২০২৫-০৩

'জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসী' আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ অনুযায়ী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, বান্দরবান পার্বত্য জেলা-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) প্রতিটি পদের পার্শ্বে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | স্টেনো টাইপিস্ট<br>১০,২০০-২৪,৬৮০ (গ্রেড-১৪) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। শর্টহ্যান্ড-এ ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ প্রতি মিনিট এবং টাইপে ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ প্রতি মিনিট। কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ০২ | বেঞ্চ সহকারী<br>৯,৭০০-২৩,৪৯০ (গ্রেড-১৫) | ০৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৩ | টাইপিস্ট/কপিস্ট<br>৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ৩০ ও ইংরেজি ৩৫ শব্দের গতি থাকতে হবে। |
| ০৪ | অফিস সহকারী কাম টাইপিস্ট<br>৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ২০ ও ইংরেজি ২৮ শব্দের গতি থাকতে হবে। |
| ০৫ | ক্যাশ সরকার<br>৯,০০০-২১,৮০০ (গ্রেড-১৭) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | জারীকারক<br>৮,৫০০-২০,৫৭০ (গ্রেড-১৯) | ০৪ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭ | দপ্তরী (অফিস সহায়ক)<br>৮,৫০০-২০,৫৭০ (গ্রেড-১৯) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | অফিস সহায়ক<br>৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ১১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৯ | নিরাপত্তা প্রহরী<br>৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ০২ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | ফরাস (পরিচ্ছন্নতাকর্মী)<br>৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলি :-**

০১। প্রার্থীকে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতার নাম, (গ) স্থায়ী ঠিকানা, (ঘ) বর্তমান ঠিকানা, (ঙ) নিজ জেলা, (চ) জন্ম তারিখ, (ছ) ২০/০১/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স, (জ) জাতীয়তা, (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর, (ঞ) ধর্ম, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

০২। আবেদনপত্র সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা বরাবর (এডিসহ) রেজিস্ট্রি ডাকযোগে অথবা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা এর কার্যালয়ের নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে। আগামী ২০/০১/২০২৫ খ্রিঃ তারিখের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।

০৩। ২০/০১/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হবে না। ১নং ক্রমিকের পদের জন্য বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-

ক. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি।
খ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাঁটলিপি/কম্পিউটার কোর্সের সনদপত্রের অনুলিপি।
গ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
ঘ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ. স্থানীয় সিটি-কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি।
চ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের অনলাইন ভেরিফাইড কপি।
ছ. প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০/- (বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫ × ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরৎ খাম।
জ. "পরীক্ষার ফি" বাবদ ছকে বর্ণিত ১নং থেকে ৪নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৫নং থেকে ১০নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংক এর ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করত: চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৭। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

০৮। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

০৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। খামের উপর অবশ্যই পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১১। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্তে সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে। নির্ধারিত কোটার যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদসমূহ মেধাতালিকা হতে পূরণ করা হবে।

১৩। ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহৃত হতে হবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। যেকোন প্রকারের তদ্বির বা অনুরোধ প্রার্থীর অযোগ্যতা মর্মে গণ্য হবে এবং প্রার্থিতা বাতিল করা হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০১/০১/২০২৫

(মোঃ সামছুদ্দিন)
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
বান্দরবান পার্বত্য জেলা।

জিডি-০৭/০১/২৫ (১৫"x৪)

দৈনিক

# কালবেলা


আঁধার পেরিয়ে...

পৃষ্ঠা ১২

মূল্য ৮ টাকা

ক্যাটরিনার প্রস্তুতি শুরু ১০

৪ রাজনৈতিক আদর্শ বনাম প্রাপ্তি-অপ্রাপ্তি



বৃহস্পতিবার

প্রথম সংস্করণ



৫ ইতিহাসে সর্বোচ্চ রেমিট্যান্সের রেকর্ড



চ্যাম্পিয়নের সামনে গ্লোবাল চ্যাম্পিয়ন ১১

WWW.KALBELA.COM

১ রজব ১৪৪৬

# ‘বুদ্ধিতে’ ডুবছে আইসিবি




তালিকাভুক্ত বিভিন্ন খাতের ৪১টি কোম্পানির শেয়ার কিনেছে আইসিবি। এই কোম্পানির প্রায় সব কটির অবস্থাই এখন নাজুক। ফলে ২০১৬ সালের মাঝামাঝি সময়ে চড়া দামে কেনা এসব কোম্পানির বেশিরভাগের শেয়ারের দামই এখন ৭০ থেকে ৮০ শতাংশ বা কোনো কোনো ক্ষেত্রে তারও বেশি পড়ে গেছে। ১ হাজার ৯২৯ কোটি ৭৫ লাখ টাকায় কেনা শেয়ারগুলোর বাজারমূল্য কমে দাঁড়িয়েছে ৬৩৪ কোটি ৯ লাখ টাকা। এতে ১ হাজার ২৯৫ কোটি ৬৭ লাখ টাকা লোকসানের মুখে পড়েছে আইসিবি। ফলে যেসব সাধারণ বিনিয়োগকারী আইসিবির শেয়ারে বিনিয়োগ করেছিলেন, তারাও পড়েছেন

পররাষ্ট্র উপদেষ্টা

## হাসিনাকে না দিলেও ভারতের সঙ্গে সম্পর্ক নষ্ট হবে না

কূটনৈতিক প্রতিবেদক ››

গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে এনে বিচারের জন্য ভারতের কাছে কূটনৈতিক পত্র পাঠিয়েছিল ঢাকা; কিন্তু এখনো ভারতের পক্ষ থেকে শেখ হাসিনাকে ফেরত পাঠানো হবে কি না তা জানায়নি দেশটি। তবে, হাসিনাকে ভারত ফেরত না পাঠালেও দুদেশের দ্বিপক্ষীয় সম্পর্ক নষ্ট হবে না বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। গতকাল বুধবার বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন

# সরকারের ওপর চাপ বাড়ালেও দ্বন্দ্বে যাবে না বিএনপি

দলটি মনে করে, চলতি বছরের প্রথমার্ধের ভেতরে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম শেষে পরবর্তী তিন-চার মাসের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব



নতুন বছরের পরিকল্পনা

রাজকুমার নন্দী ››

ফ্যাসিবাদের পতনে মুক্ত পরিবেশে ফুরফুরে মেজাজে রয়েছে বিএনপি।

নতুন বছর জনগণের প্রত্যাশা, দেশে স্বাধীনতা-সার্বভৌমত্ব সুপ্রতিষ্ঠিত হবে, গণতন্ত্র জনগণের কাছে ফিরে যাবে, জনগণ তাদের মৌলিক অধিকার ও ভোট দেওয়ার অধিকার ফিরে পাবে,



তারেক রহমান

## যাদের উদ্দেশ্য ভিন্ন, নির্বাচন নিয়ে তারাই বিভ্রান্তি ছড়ায়

কালবেলা প্রতিবেদক ››

সংস্কার ও নির্বাচন দুটিই অনি... বলে মন্তব্য করে বিএনপি... ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহ... বলেছেন, দেশে রাজনী...